

# ডায়াবেটিক এসোসিয়েশন মেডিকেল কলেজ, ফরিদপুর

ফরিদপুর ডায়াবেটিক সমিতির একটি প্রতিষ্ঠান

## কোভিড-১৯ এর প্রাতিষ্ঠানিক সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে কারিগরি নির্দেশনা

### সিকিউরিটি গার্ড এর জন্য নির্দেশনা

- ১। সার্বক্ষণিক মাস্ক ও হ্যান্ড গ্লোভস্ পড়ে থাকবেন।
- ২। কলেজে প্রবেশ ইচ্ছুক প্রত্যেকের তাপমাত্রা পরীক্ষা করুন। তাপমাত্রা ৯৮.৬° ফারেনহাইট বা তার কম হলে এবং মাস্ক পরিহিত হলে প্রবেশ করতে দিন।
- ৩। জীবানুনাশক দ্রবণ সংরক্ষণ করুন এবং উহা দ্বারা ঘন ঘন সংস্পর্শে আসা জায়গা যেমন গেটের হাতল, তালা-চাবি, লিফটের বোতামসহ সাধারণের চলার স্থান নিয়মিত পরিষ্কার ও জীবানুমুক্ত করুন।
- ৪। সকলের সাথে কমপক্ষে ৩ ফুট দূরত্ব রেখে চলুন এবং হাঁচি, কাশির সময় টিস্যু বা কনুইয়ের ভাঁজে মুখ ও নাক ঢাকুন।
- ৫। সিকিউরিটি ইন চার্জ, মোঃ রুবেল ফকির ও সোনা মিয়া উপরোক্ত বিষয়াদি তদারকি ও জবাবদিহিতা নিশ্চিত করবেন।

### সাধারণ কর্মকর্তা-কর্মচারী এর জন্য নির্দেশনা

- ১। সার্বক্ষণিক মাস্ক পড়ে থাকবেন।
- ২। কলেজে প্রবেশকালে তাপমাত্রা পরীক্ষা করাবেন। তাপমাত্রা ৯৮.৬° ফারেনহাইট বা তার কম হলে মাস্ক পরিহিত অবস্থায় প্রবেশ করুন। নিজ কর্মক্ষেত্রে পৌছে অধ্যক্ষের পিএ কে ইন্টারকমে (২৯২) আপনার হাজিরা নিশ্চিত করুন।
- ৩। হাসপাতালে ডিউটি থাকলেও অধ্যক্ষের পিএ কে ইন্টারকমে আপনার হাজিরা নিশ্চিত করুন। হাসপাতালের রোস্টার শেষে সতর্কতামূলক ৭ দিনের কোয়ারেন্টাইনে নিজ কক্ষে অবস্থান করুন। এরপর সুস্থ অবস্থায় নিয়মিত নিজ কর্মক্ষেত্রে যোগদান করুন।
- ৪। সকল কেয়ার টেকার, অডিও ভিজুয়াল অপারেটর ও এমএলএসএস জীবানুনাশক দ্রবণ সংরক্ষণ করবেন এবং উহা দ্বারা ঘন ঘন সংস্পর্শে আসা জায়গা যেমন গেটের হাতল, তালা-চাবি, লিফটের বোতামসহ সাধারণের চলার স্থান নিয়মিত পরিষ্কার ও জীবানুমুক্ত করবেন। এছাড়াও নিয়মিত আসবাবপত্র, ফ্যান ও যন্ত্রপাতি ভালমতো পরিষ্কার ও জীবানুমুক্ত করতে হবে। লাইব্রেরিয়ান/ মেডিকেল টেকনোলজিস্ট/ ক্যান্টিন ম্যানেজার স্ব স্ব কর্মস্থলের পরিচ্ছন্নতা তদারকি ও জবাবদিহিতা নিশ্চিত করবেন এবং ২০ লিটার পানির সাথে ১ টেবিল চামচ ব্লিচিং পাউডার দিয়ে জীবানুনাশক দ্রবণ তৈরী করে স্পেসহ বোতলজাত করণের ব্যবস্থা নিবেন।
- ৫। লাইব্রেরিয়ান/ মেডিকেল টেকনোলজিস্ট/ ক্যান্টিন ম্যানেজার স্ব স্ব কর্মস্থলে সাবান/হ্যান্ড সেনিটাইজার ব্যবহারের ব্যবস্থা নিশ্চিত করবেন।
- ৬। ক্লিনারগণ লাইজলসহ জীবানুনাশক দ্রবণ দিয়ে নিয়মিত ফ্লোর ও সিঁড়িসহ সিঁড়ির হাতল পরিষ্কার করবেন। এছাড়াও দেয়ালের ঝুল, জানালা ও জানালার খিল নিয়মিত পরিষ্কার করবেন।
- ৭। অতীব জরুরী প্রয়োজন ব্যতীত কেহ অন্য কক্ষ বা দপ্তরে গমন করবেন না।
- ৮। সকলের সাথে কমপক্ষে ৩ ফুট দূরত্ব রেখে চলুন এবং হাঁচি, কাশির সময় টিস্যু বা কনুইয়ের ভাঁজে মুখ ও নাক ঢাকুন।
- ৯। যে কোন সময়ে এমনকি ছুটিতে থাকলেও অধ্যক্ষের অনুমতি ব্যতীত ফরিদপুর জেলা (কর্মস্থল) ত্যাগ করা যাবে না। এক্ষেত্রে কর্মস্থল ত্যাগের অনুমতি গ্রহণ করতঃ উহা অধ্যক্ষের পিএ- এর নিকট নিবন্ধিত করতে হবে। অন্য জেলা হতে ফিরে হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে এবং অধ্যক্ষের পিএ কে ফোনে জানাতে হবে এবং নির্দিষ্ট সময়ান্তে বিধিমেতে অফিসে যোগদান করতে হবে। সরকারের নির্দেশনা মোতাবেক ঈদের সরকারি বা ঐচ্ছিক ছুটিতে আবশ্যিকভাবে কর্মস্থলে অবস্থান করতে হবে।
- ১০। অধ্যক্ষের পিএ কর্মকর্তা-কর্মচারীদের হাজিরা ও স্বাস্থ্য বিষয়ক রেজিস্ট্রারে নিয়মিত তথ্য হালনাগাদ করবেন।
- ১১। সর্বোপরি স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রকাশিত কোভিড-১৯ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কারিগরি নির্দেশনাসহ সরকার কর্তৃক সময়ে সময়ে ঘোষিত নির্দেশনা ও পদক্ষেপগুলো অবশ্যই যথাযথভাবে মেনে চলতে হবে।

### করোনা আক্রান্ত বা লক্ষণযুক্ত কর্মচারী এর জন্য নির্দেশনা

- ১। অধিক তাপমাত্রায়ুক্ত ব্যক্তি বা করোনা লক্ষণযুক্ত ব্যক্তি অত্র মেডিকেল কলেজ হাসপাতালের নির্দিষ্ট স্থানে করোনা টেস্টের জন্য নমুনা প্রদান করবেন ও নিজ গৃহে অবস্থান করবেন।
- ২। হাজিরা সমস্যা এড়াতে সঙ্গে সঙ্গে ফোনে (০৬৩১-৬১৪৮৮) বা মোবাইলে (০১৭১৫-৪৯৬২৩৯) অধ্যক্ষের পিএ কে অবগত করাবেন।
- ৩। নিয়মিত সরকারি নির্দেশনা মোতাবেক ও অত্র হাসপাতালের মাধ্যমে চিকিৎসা চালিয়ে যাবেন। ১৪ দিন পরে পূর্ণ সুস্থতা অর্জন হলে নমুনা পরীক্ষায় নেগেটিভ হলে কর্মস্থলে যোগ দিবেন। করোনা আক্রান্ত বা লক্ষণযুক্ত ব্যক্তি নমুনা পরীক্ষার নেগেটিভ ফলাফল ব্যতীত কলেজে প্রবেশ করবেন না। কিন্তু ২১ দিন পর আপনি নমুনা পরীক্ষার ফলাফল প্রদর্শনে ব্যর্থ হলে সয়ংক্রিয়ভাবে আপনার বেতন কর্তন হবে।
- ৪। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত ব্যবস্থাদি গ্রহণ করবেন। করোনার চিকিৎসাসহ তথ্য ও সহায়তার জন্য জাতীয় কল সেন্টার ৩৩৩, স্বাস্থ্য বাতায়ন ১৬২৬৩, আইইডিসিআর ১০৬৫৫, বিশেষজ্ঞ হেলথ লাইন ০৯৬১১৬৭৭৭৭, জাতীয় হেল্প লাইন ১০৯ এ ফোন করতে পারেন। প্রয়োজনে অধ্যক্ষ মহোদয়কে ফোন করে পরামর্শ গ্রহণ করবেন।

২১/৭/২০

(অধ্যাপক ডাঃ মোঃ জহিরুল ইসলাম মিয়া)

অধ্যক্ষ